



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)  
www.pib.gov.bd

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কামরুল হক ইনোভেশন অফিসার ও গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব)
সভার তারিখ	০২/১০/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ০৯:৩০মি.
স্থান	পরিচালক (প্রশাসন) এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে কার্যক্রম উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য-সচিব ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে আহ্বান জানান। জনাব আফতাব প্রথমে গত ১৭ আগস্ট ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত পিআইবি ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পড়ে শোনান এবং উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রমগুলো বাস্তবায়ন হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। জনাব আফতাব জানান, গত ২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে পত্রের মাধ্যমে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২২) প্রতিবেদন প্রমাণকসহ আগামী ৪/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে পাঠানোর অনুরোধ করেছে। সে অনুযায়ী পিআইবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২২) অগ্রগতি প্রতিবেদনের খসড়া প্রমাণকসহ বিস্তারিত সভায় উপস্থাপন করা হয়। এতে সকল সদস্য অংশ নেন। বিস্তারিত আলোচনান্তে, কর্মসম্পাদন সূচক [১.২.১] এ উল্লিখিত ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে এবং পিআইবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২২) অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) চূড়ান্ত করা হয়।

জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা আরো জানান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী গত ৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখে মন্ত্রীপরিষদ বিভাগের ই-সার্ভিস মনিটরিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই এর চাহিদা অনুযায়ী ন্যাশনাল পোর্টাল ফ্রেমওয়ার্কের আওতায় গঠিত পিআইবি'র তথ্য বাতায়ন এর নিরাপত্তা ও প্রোফাইল আপডেট করা হয়েছে এবং এ সংক্রান্ত হোয়াটসঅ্যাপ গ্রুপে পিআইবি'কে যুক্ত করা হয়েছে। সভায় সকল বিষয়ে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ	১।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন দ্রুত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
	২।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক [১.৪.১] অনুযায়ী ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য আগামী ২০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে এটুআই এর সহযোগিতায় একটি কর্মশালার আয়োজন করা যেতে পারে।

এছাড়া সভাপতি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ নির্ধারিত সময় অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. কামরুল হক

ইনোভেশন অফিসার ও গবেষণা বিশেষজ্ঞ  
(তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.২২.২৩০

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯

০৩ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব), গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ, পিআইবি
- ২) মো. জাকির হোসেন, উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, পিআইবি
- ৩) শুব কৰ্মকাৰ, প্রভাষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, পিআইবি
- ৪) নাসিমুল আহসান, সহকারী প্রশিক্ষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, পিআইবি



মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা  
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)